



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

স্মারক নং- ২৭.১১.০০০০.২০১.০১.০১৩.১৮.১০০৬

“ শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ ”

অফিসঃ
মহাব্যবস্থাপক প্রশিক্ষণ এর দপ্তর,
১ নং আব্দুল গণি রোড, বিউবো, ঢাকা।
ফোনঃ ০২-৯৫৭৩৪৪৪ (অফিস)

তারিখ : ০৬/০১/২০১৯ইং

দপ্তরাদেশ

বিউবো'র সদস্য, প্রশাসন মহোদয়ের সভাপতিত্বে ২৪/০৬/২০১৮ইং তারিখ অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NISB) বাস্তবায়ন বিষয়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কেন্দ্রীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিউবো'তে জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চিহ্নিত অন্তরায় সমূহ দূর করা এবং চিহ্নিত দূর্ণীতির ক্ষেত্র (Grey Area) দু'টির বিষয়ে ফলোআপ রাখা ও তা মনিটরিং করার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সদস্য, প্রশাসন, বিউবো মহোদয়ের নির্দেশক্রমে টাস্কফোর্স গঠন করা হলো।

ক্রঃ নং	নাম, পদবী ও দপ্তর	টাস্কফোর্স এর
১।	জনাব মোঃ আজিজুল হক, মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো, ঢাকা।	আহ্বায়ক
২।	জনাব মানিক চন্দ্র ঘোষ, সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ শামছুল হক, উপ-মহাব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক, সংগঠন ও পদ্ধতি পরিদপ্তর, বিউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব আবু নাছের মোহাম্মদ আব্দুল হাই, উপ-পরিচালক (অতিঃ দায়িত্ব), মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ এর দপ্তর, বিউবো, ঢাকা।	সদস্য সচিব


- টাস্কফোর্স অবিলম্বে কার্যক্রম শুরু করবে।

টাস্কফোর্সের কার্য পরিধিঃ

- ১। জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে অন্তরায় সমূহ দূর করা এবং মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত নিম্নলিখিত দূর্ণীতির ক্ষেত্রদ্বয়ের (Grey Area) বিষয়ে ফলোআপ রাখা ও তা মনিটরিং করাঃ
ক) সেবা দানকারীদের কাছ থেকে কাঙ্ক্ষিত সেবা না পাওয়ায় সেবা গ্রহীতাগণের দালালদের শরণাপন্ন হওয়া।
খ) সঠিক সময়ে অভিযোগ গ্রহণ করে প্রতিকার না দেয়ায় সেবা গ্রহীতাদের অসন্তোষ (Service Dissatisfaction)
- ২। বিউবো'র বিভিন্ন জোন সমূহে বিদ্যমান দূর্ণীতির ক্ষেত্র সমূহে বিশেষ নজরদারী করা এবং প্রয়োজনে নৈতিকতা কমিটির নিকট প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় শাস্তির সুপারিশ করা।
- ৩। গঠিত টাস্কফোর্সে অন্তর্ভুক্ত কোন কর্মকর্তা অন্যত্র বদলীজনীত কারণে তার স্থলে পদস্থ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট টাস্কফোর্স অন্তর্ভুক্ত কর্মকর্তা হিসাবে গণ্য হবেন।
- ৪। বিউবো'র বিতরণ অঞ্চল সমূহের সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীগণ টাস্কফোর্সের কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

বিতরণঃ

টাস্কফোর্সের সকল সদস্য।



(প্রকৌঃ মোঃ আজিজুল হক)

মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো, ঢাকা

ও


সদস্য সচিব, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।

তারিখ : ০৬/০১/২০১৯ইং

স্মারক নং- ২৭.১১.০০০০.২০১.০১.০১৩.১৮.১০০৬

অনুলিপিঃ-

- ১। সদস্য, প্রশাসন/পিএন্ডডি/কোম্পানী এ্যাফেয়ার্স/অর্থ/উৎপাদন/বিতরণ, বিউবো, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বিউবো, ঢাকা ও সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।
- ৩। মহা-ব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা ও কো-অপ্ট সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।
- ৪। প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, চট্টগ্রাম/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট, বিউবো।
- ৫। সিএসও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৬। সচিব, বিউবো, ঢাকা ও সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।
- ৭। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বিউবো, ঢাকা ও সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।
- ৮। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা ও সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।
- ৯। পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা ও সদস্য, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।



(প্রকৌঃ মোঃ আজিজুল হক)

মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো, ঢাকা

ও

সদস্য সচিব, বিউবো'র শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি।

বিষয়ঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক ২০১৭-২০১৮ অর্থ বছরের চতুর্থ ত্রৈমাসিক (এপ্রিল/১৮-জুন/১৮) সভার কার্যবিবরণী।

গত ২৪/০৬/২০১৮ইং রোজ রবিবার সকাল ১০ : ৩০ ঘটিকায় পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকার দপ্তর কক্ষে (১০ম তলা, বিদ্যুৎ ভবন) জাতীয় শুদ্ধাচার কৌশল (NISB) বাস্তবায়ন বিষয়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক জনাব মোঃ জহুরুল হক, সদস্য প্রশাসন, বিউবো মহোদয়ের সভাপতিত্বে ২০১৭-২০১৮ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- ১। জনাব মুস্তাক মুহাম্মদ, প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, বিউবো, ঢাকা।
- ২। জনাব মোঃ কাওসার আমীর আলী, মহা-ব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।
- ৩। জনাব মোঃ আজিজুল হক, মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো, ঢাকা।
- ৪। জনাব মিনা মাসুদ উজ্জামান, সচিব, বিউবো, ঢাকা।
- ৫। জনাব সাইফুল হাসান চৌধুরী, পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৬। জনাব পল্লবী জামান, পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৭। জনাব নাসরিন পারভীন, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৮। জনাব মানিক চন্দ্র ঘোষ, সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কেন্দ্রীয় কমিটির সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে তথ্য উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব, জনাব মোঃ আজিজুল হক'কে নির্দেশ দেন।

২। সদস্য সচিব গত এপ্রিল, ২০১৮ থেকে জুন, ২০১৮ সময়ে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে শুদ্ধাচার কৌশল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড তুলে ধরেন। তিনি বলেন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে ২০১৭-২০১৮ইং অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে নির্ধারিত সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এছাড়া আগামী ২০১৮-২০১৯ইং অর্থ বছরের জন্য নতুন লক্ষ্যমাত্রাও প্রস্তুত করা হয়েছে। সভাপতি মহোদয় ২০১৭-২০১৮ইং অর্থ বছরের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং এ লক্ষ্যে কাজ করায় কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান। তিনি বলেন ২০১৮-২০১৯ইং অর্থ বছরে বিউবো'র জন্য নির্ধারিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বিউবো'র সকল জোনে প্রেরণ করে যথাসময়ে কার্যক্রম সমূহের (জোন সমূহের জন্য প্রযোজ্য কার্যক্রম সমূহ) নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার জন্য নির্দেশনা প্রেরণ করতে হবে। এক্ষেত্রে নৈতিকতা কমিটির সদস্য-সচিব জোন সমূহের কার্যক্রমের অগ্রগতি মনিটর করবেন এবং কমিটির নিকট অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন।

৩। সভাপতি মহোদয় কমিটির সদস্যদেরকে জানান গত ০৫ জুন, ২০১৮ইং তারিখ মাননীয় বিদ্যুৎ সচিব, বিজ্ঞান মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভায় "সেবা দানকারীদের কাছ থেকে কাজিত সেবা না পাওয়ায় সেবা গ্রহীতাগণের দালালদের শরণাপন্ন হওয়া"-কে দুর্নীতির ০১ টি ক্ষেত্র (১ম ক্ষেত্র) এবং "সঠিক সময়ে অভিযোগ গ্রহণ করে প্রতিকার না দেওয়ায় সেবা গ্রহীতাদের অসন্তোষ (Service Dissatisfaction)"-কে শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায় এবং দুর্নীতির একটি ক্ষেত্র (২য় ক্ষেত্র) হিসেবে চিহ্নিত করা হয়েছে। তিনি আরো জানান, সভায় জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চিহ্নিত অন্তরায় সমূহ দূর করা এবং চিহ্নিত দুর্নীতির ক্ষেত্র (Grey Area) দু'টির বিষয়ে ফলোআপ রাখা ও তা মনিটরিং করার জন্য টাস্ক ফোর্স গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে উক্ত নির্দেশনা অনুসরণ পূর্বক বিউবো'তেও একটি টাস্কফোর্স গঠন করা যেতে পারে। টাস্কফোর্স বিউবো'র বিভিন্ন জোন সমূহে বিদ্যমান দুর্নীতির ক্ষেত্র সমূহে বিশেষ নজরদারী করবে এবং প্রয়োজনে নৈতিকতা কমিটির নিকট প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় শাস্তির সুপারিশও করবে। তিনি আরো বলেন, বিউবো'র বিতরণ জোন সমূহে যাতে তাদের সেবা গ্রহীতাগণ এর অভিযোগ সঠিক সময়ে গ্রহণ করে তার দ্রুত প্রতিকার করা হয় তা সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে নিশ্চিত করতে হবে।

৪। এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য শুদ্ধাচার পুরস্কার এর মনোনয়ন সম্পর্কে জানতে চান। সদস্য, সচিব কমিটিকে জানান শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী ২০১৭-২০১৮ইং অর্থ বছরে বিউবো'র সকল দপ্তরের গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারীকে এবং সকল আঞ্চলিক কার্যালয় সমূহের প্রধানদের মধ্য হতে একজন কর্মচারীকে নির্বাচিত করার লক্ষ্যে গঠিত কমিটি সমূহ ইতিমধ্যে তাদের সুপারিশ নৈতিকতা কমিটির নিকট

পেশ করেছে। সভায় পুরস্কার প্রদানের লক্ষ্যে নির্বাচিত করার জন্য প্রস্তাবিত কর্মচারীদের মনোনয়ন নিয়ে আলোচনা হয় এবং সুপারিশকৃত কর্মচারীদের তালিকা সদয় অনুমোদনের জন্য মাননীয় চেয়ারম্যান, বিউবো মহোদয় বরাবর পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) ২০১৮-২০১৯ইং অর্থ বছরে বিউবো'র জন্য নির্ধারিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বিউবো'র সকল জোনে প্রেরণ করে যথাসময়ে কার্যক্রম সমূহের (জোন সমূহের জন্য প্রযোজ্য কার্যক্রম সমূহ) নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার জন্য নির্দেশনা প্রেরণ করা হবে। এক্ষেত্রে নৈতিকতা কমিটির সদস্য-সচিব জোন সমূহের কার্যক্রমের অগ্রগতি মনিটর করবেন এবং কমিটির নিকট অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন।
- খ) জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চিহ্নিত অন্তরায় সমূহ দূর করা এবং চিহ্নিত দূর্ণীতির ক্ষেত্র (Grey Area) দু'টির বিষয়ে ফলোআপ রাখা ও তা মনিটরিং করার জন্য একটি টাস্ক ফোর্স গঠন করা হবে। টাস্কফোর্স বিউবো'র বিভিন্ন জোন সমূহে বিদ্যমান দূর্ণীতির ক্ষেত্র সমূহে বিশেষ নজরদারী করবে এবং প্রয়োজনে নৈতিকতা কমিটির নিকট প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় শাস্তির সুপারিশ করবে।

সবশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(মোঃ জহুরুল হক)

সদস্য, প্রশাসন, বিউবো

ও


আহবায়ক

শুদ্ধাচার কৌশল বিষয়ক কেন্দ্রীয় কমিটি

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

সদয় ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/পিএন্ডডি/বিতরণ/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
- ২। মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ/বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী
- ৪। সচিব, বিউবো, ঢাকা।
- ৫। সি, এস, ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৬। পরিচালক, কর্মচারী/জন-সংযোগ/প্রশিক্ষণ/অর্থ পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কজুমার এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা।
- ৯। উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী
- ১০। দপ্তর নথি।



(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো

ও

সদস্য, সচিব

শুদ্ধাচার কৌশল বিষয়ক কেন্দ্রীয় কমিটি

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।